

## **া** যাকাত বিধানের সারসংক্ষেপ

বিভাগ/অধ্যায়ঃ সদকা সংশ্লিষ্ট মাসআলা ও বিধি-বিধান রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

## ১. গোপন সদকা:

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেন, সে দিন আল্লাহ সাত ব্যক্তিকে নিজের ছায়ার নিচে ছায়া দিবেন, যে দিন তার ছায়া ব্যতীত কোনো ছায়া থাকবে না, তাদের ভেতর তিনি উল্লেখ করেন:

«وَرَجُلٌ تصدق بصدقة فأخفاها، حتى لا تعلمَ شمالُهُ ما تُنْفِقُ يَمِينِه».

"এবং ঐ ব্যক্তি, যে কোনও সদকা করে গোপন করল, যেন তার বাম হাত জানতে না পারে ডান হাত কি সদকা করেছে"।[1]

অত্র হাদীস বলে, সদকা প্রকাশ করা অপেক্ষা গোপন করাই উত্তম, কারণ এতে রিয়া বা লোক দেখানোর আশঙ্কা নেই, তবে যদি কোন ফায়দা থাকে, যার দাবি সদকা প্রকাশ করা, তাহলে প্রকাশ করা বৈধ, যেমন অন্যদের উদ্বুদ্ধ করার জন্য কেউ প্রকাশ্যে সদকা করল। আল্লাহ তা'আলা বলেন:

﴿إِن تُباكِدُواْ ٱلصَّدَقَٰتِ فَنِعِمَّا هِيَ ؟ وَإِن تُحافُوهَا وَتُوااتُوهَا ٱلاَفْقَرَآءَ فَهُوَ خَيارا لَّكُماا ويُكَفِّرُ عَنكُم مِّن سَيًّاتِكُماا ٢٧١﴾ [البقرة: 271]

"যদি তোমরা সদকা প্রকাশ কর, তবে তা উত্তম। আর যদি তা গোপন কর ও ফকীরকে দাও, তাহলে তাও তোমাদের জন্য উত্তম এবং তিনি তোমাদের পাপসমূহ মুছে দিবেন"। [সূরা আল-বাকারা, আয়াত: ২৭১]

## ফুটনোট

[1] সহীহ বুখারী ও সহীহ মুসলিম।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=10152

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন